



তারিখ ... 14 APR 2014 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

জাতীয় বিশ্ববিদ্যালয়ের দাবি প্রশ্নপত্র ফাঁসের সংবাদ সঠিক নয়

নিজস্ব প্রতিবেদক ▶

প্রশ্নপত্র ফাঁসের সংবাদ সঠিক নয় বলে দাবি করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. ফয়জুল করিম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়। গত শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার আগের রাতেই প্রাচ্যবাহিনীসহ দেশের বিভিন্ন স্থান থেকে প্রশ্নপত্র ফাঁসের খবর আসে। বিভিন্ন ফটোকপিং মোকদমসহ সামাজিক যোগাযোগ মাধ্যমেও এ প্রশ্ন ছড়িয়ে পড়ে। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, পিকিউপ্রিটি প্রেসে মুদ্রণ এবং প্রণয়নের মাধ্যমে বিতরণের কাজটি নিশ্চিত নিরাপত্তার মাধ্যমে সম্পন্ন করা হয়। এ ক্ষেত্রে প্রশ্নপত্র ফাঁসের কোনো সুযোগ নেই। এর পরও পরীক্ষার উল্লেখে কেউ প্রশ্নপত্র পেয়েছেন এমন তথ্য থাকলে ওই প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পাঠানোর অনুরোধ জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়।